দৈনিক ইনকিলাব

তারিখ JUN 5 1999
পৃষ্ঠা ৩ কলাম ৪

### ইসলামী ছাত্র পরিষদ

## বাজেটে মাদ্রাসা শিক্ষার জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের দাবী

প্রেস বিজ্ঞপ্তি ঃ মাদ্রাসা শি[illegible] সাথে সকল বৈষম্যনীতি পরিহার [illegible] এ শিক্ষা ব্যবস্থাকে যুগোপযোগী করার লক্ষ্যে আগামী '৯৯-২০০০ সালের বাজেটে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করার দাবী করেছেন ইসলামী ছাত্র পরিষদ (আইসিপি)-র কেন্দ্রীয় নেতৃবৃন্দ। গতকাল সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে কেন্দ্রীয় সভাপতি মুফতি মোহাম্মদ ইলিয়াসের সভাপতিত্বে অনুষ্ঠিত এক জরুরী সভায় নেতৃবৃন্দ এ দাবী জানান। নেতৃবৃন্দ বলেন, মাদ্রাসা শিক্ষাকে বৈষম্যমুক্ত করার লক্ষ্যে আগামী বাজেটে মাদ্রাসা শিক্ষার জন্য পৃথক পূর্ণাঙ্গ মন্ত্রণালয় এবং অধিদপ্তর গঠন. দেশের ১৬ হাজার স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার ৬৪ হাজার শিক্ষকদের প্রত্যেককে কমপক্ষে ২০০০ টাকা করে বেতন ভাতা প্রদান, ছাত্রদের বিনামূল্যে বই-পুস্তক সরবরাহ, খাদ্যের বিনিময়ে শিক্ষার কর্মসূচীতে এবতেদায়ী মাদ্রাসাকে অন্তর্ভুক্তকরণ, মাদ্রাসা শিক্ষার জন্য পূর্ণাঙ্গ মাদ্রাসা টেক্সট বুক বোর্ড গঠন, মাদ্রাসা শিক্ষার জন্য পৃথক জাতীয় আরবী ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা, প্রতি বিভাগে একটি করে মাদ্রাসা টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট স্থাপন, মাদ্রাসা ছাত্র-ছাত্রীদের জন্য বৃত্তির কোটা বৃদ্ধি এবং বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের ১০০% বেতন-ভাতা প্রদান করতে যে অর্থের প্রয়োজন তা অবশ্যই প্রদান করতে হবে। এছাড়া অনতিবিলম্বে ফাজিলকে স্নাতক এবং কামিলকে স্নাতকোত্তর মান প্রদানের সার্কুলার জারি করার দাবী জানিয়েছেন।